53

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

# বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার আহবান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য বিশ্ব-

(১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তা

(১ম পৃঃ পর)

বিদ্যালয় প্রশাসনের প্রতি আহ্বান জানান হয়। সমিতির সভাপতি প্রফেসর মোঃ শাহাদাৎ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তে ইতিহাস বিভাগের শ্রেণীকক্ষে ছাত্র-ছাত্রী উপস্থিতির বিধিবিধান কার্যকর রাখার জোর প্রচেষ্ট চালাইবার জন্য শিক্ষকবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় সমাজ কল্যাণ ও গবেষণা ইন্সটিটিউটের শিক্ষকদের কক্ষ ভাংচুরের ঘটনার জন্য উদ্বেগ প্রকাশ ও ঘটনার সহিত জড়িতদের শাস্তি দাবী করা হয়।